# সমৃদ্ধি বার্তা

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন(পিকেএসএফ) এর সহায়তায় ও কোস্ট ফাউন্ডেশন পরিচালিত কুতুবদিয়া উপজেলার উত্তর ধূরুং ইউনিয়নে mg„×
(ENRICH) কর্মসূচির মাসিক প্রকাশনা।

৫মবর্ষ, ৬৩ তম সংখ্যা মে'২০২১

## সমৃদ্ধি বাড়ীর মাধ্যমে মহিবুল্লাহ এর বিকল্প আয়ের খ্যাৎ তৈরী

দ্বীপ উপজেলা কুতুবদিয়া উত্তর ধুরুং ইউনিয়নে পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)এর সহায়তায় কোস্ট ফাউন্ডেশন এর বাস্তবায়নে সমৃদ্ধি কর্মসূচির মাধ্যমে উত্তর ধুরুং ইউনিয়নের ৫০টি বাড়ি সমৃদ্ধি করা হয়। উক্ত ইউনিয়নের ০৯নং ওয়ার্ডের মগলাল পাড়ার এ রকম ১টি বাড়ির মালিক মহিবুল্লাহ (৩৯) তাহার ৩ ছেলে ২ মেয়ে সহ মোট পরিবারের ৬ সদস্য নিয়ে তাহার পরিবার। পরিবারের ছেলে ও মেয়ে ৪জন লেখাপড়ায় রয়েছেন। মহিবুল্লাহ তিনি নিজে দিন মজুর হিসাবে কাজ করেন। পরিবারে আয় করার মতো একমাত্র তিনিই উৎস। পরিবারের একজনের আয়ের উপর নির্বর করে সংসারে অনেক সময় অভাব অনাহারে দিন যাপন করতে হতো প্রায় সময়। এছাড়া দৈনিক সংসারের খরছ বহন করতে সমস্যায় পড়ে যেতো মুহিবুল্লাহর পরিবার। আজ থেকে প্রায় ৩বছর পূর্বে তাহার পরিবারের পাশে গিয়ে সমৃদ্ধি কর্মসূচির উদ্যোগ উন্নয়ন কর্মকর্তা- ফরিদ উদ্দিন, বাড়ির মালিকের সাথে কথা বলে সমৃদ্ধি বাড়ি করার পরিক্লপনা গ্রহন করেন। এবং তার দিক নির্দশনায় বর্তমানে এ বাড়িটি সমৃদ্ধি বাড়িতে রুপান্তরিত হয়েছে। তাহার স্ত্রী মসকুরা বেগম বর্তমানে বিকল্প আয় করার জন্য কাজ করে যাচ্ছেন।

এ সমৃদ্ধি বাড়ির মধ্যে রয়েছে বর্তমানে- সবজিচাষ,ভার্মিকম্পোস্টপ্লান্ট, ৩ টি গাভী রয়েছে,বাড়িতে হাঁস/মুরগী ৮জোড়া, ফলের গাছ রয়েছে, ও স্বাস্থ্য সম্মত টয়লেট সহ পুকুরে মাছ চাষের পরিকল্পনা করে, ধীরে ধীরে বাড়ির মালিক তার লক্ষ্য অর্জনে কাজ করতে থাকেন। এ কার্যক্রমে সংস্থা



মগলাল পাড়ার মহিবুল্লাহ এর সমৃদ্ধ বাড়ির-
ছবি সংগ্রহে -মো: রশিদ উদ্দিন, তারিখ: ২৪/০৫/২১

বিভিন্ন উপকরণ নিশ্চিত করণে কিছু আর্থিক সহায়তা প্রদান করেন। পরিবারের পুর্বের আয় ছিল প্রতি মাসে ৬০০০/৭০০০ টাকা। বর্তমানে উক্ত বাড়ি হতে প্রতি মাসে ১০০০০-১২০০০ টাকা করে আয় করে। পরিবারে খুশির সাথে জীবন যাপন করছে। পরিবারের শিক্ষার্থী ছেলে ও মেয়ে নিয়মিত লেখাপড়া চালিয়ে যাচ্ছেন। এখন নিয়মিত গাভী দুধ দিচ্ছে, পুকুরের মাছের মাধ্যমে পরিবারে আমিষের অভাব পূরন হচ্ছে, এবং বাড়ীর আঙ্গিনায় সবজ্বী চাষ হতে বিষমুক্তসবজি খেয়ে তাদের চাহিদা পুরণ করছে।



মগলাল পাড়ার মহিবুল্লাহ এর সমৃদ্ধ বাড়ির-
ছবি সংগ্রহে -মো: রশিদ উদ্দিন, তারিখ: ২৪/০৫/২১

উক্ত সমৃদ্ধি বাড়িতে পুষ্টির ঘাটতি পূরণে অনেক বেশি কার্যকরি ভুমিকা রাখছে। মহিবুল্লাহ এবং তাহার পরিবার কোস্ট ফাউন্ডেশনের সকল সহর্কমীদের ধন্যবাদ জানান। তাদের সুন্দর পরার্মশ দেওয়ার জন্য কোস্ট ফাউন্ডেশন এর সহর্কমী ফরিদ উদ্দিন এবং স্বাস্থ্য পরিদর্শক জেসনা আরাকে ধন্যবাদ জানায়।

## স্যাটেলাইট ক্লিনিক হতে সেবা নিয়ে সুস্থ্য আবদুল মালেক (৭২)

সমৃদ্ধিকর্মসূচি বাস্তবায়িত উত্তর ধূরুং ইউনিয়নের জহির আলী সিকদার পাড়া গ্রামের ৪নং ওয়ার্ডে বসবাস করেন আবদুল মালেক। তিনি পেশা হিসাবে কৃষি কাজ করেন। জহির আলী সিকদার পাড়া গ্রামের স্বাস্থ্য পরির্দশিক জেসমিন আক্তার পরির্দশনে গেলে, দেখা যায় আবদুল মালেক অসুস্থ হয়ে পড়েন। অভাবের সংসারে নিত্যদিনের খরচ মিঠিয়ে সে ভালো কোন ডাক্তার দেখাতে না পেরে দিন দিন আরো অসুস্ত হয়ে পড়েন। কোস্ট ফাউন্ডেশন সমৃদ্ধি কর্মসূচির ৪নং,ওয়ার্ডের,স্বাস্থ্যপরির্দশক-জেসমিনআক্তার- তাহাকে(এম,বি.বি,এস)চিকিৎসকের মাধ্যমে পরিচালিত স্যাটালাইট ক্লিনিকে যাওয়ার পরার্মশ দেন। পরার্মশ অনুযায়ী আবদুল মালেক জহির আলী সিকদার পাড়ার স্যাটালাইট ক্লিনিকে নিয়ে যায়। স্যাটালাইট ক্লিনিকে যাওয়ার পর কর্তব্যরত চিকিৎসক ডা: জাহাঙ্গীর আলম চিকিৎসা তাহাকে দেখে সেবা প্রদান করে। চিকিৎসকের পরামর্শ অনুযায়ি ঔষুধ সেবনে তিনি সুস্থ্য হয়েছেন। চিকিৎসার সেবা নিয়ে সুন্তোষ হয়ে কোস্ট ফাউন্ডেশন এর প্রতি এবং স্বাস্থ্য পরির্দশক জেসমিন আক্তার এর প্রতি কৃতজ্ঞা প্রকাশ করেন।



স্যাটেলাইট ক্লিনিক হতে সেবা গ্রহণের -ছবি সংগ্রহে -মো: দিদারুল ইসলাম- সমৃদ্ধি প্রকল্প সমন্বয়কারী, তাং:২০/০৫/২০২১

**স্যাটেলাইট ক্লিনিক হতে সেবা নিয়ে সুস্থ্য হয়েছেন- ইসা মনি (১)**

সমৃদ্ধিকর্মসূচি বাস্তবায়িত ১নং উত্তর ধূরুং ইউনিয়নের মদন মিয়াজির পাড়া গ্রামের ৮নং ওয়ার্ডে বসবাস করেন, জিয়াসমিন আক্তার এর মেয়ে ইসা মনি। মদন মিয়াজির পাড়া স্বাস্থ্য পরির্দশক দিলরুবা বেগম-খানা পরির্দশনে গেলে, দেখা যায়, জিয়াসমিন আক্তারের এর ১ম মেয়ে অসুস্থ হয়ে পড়েন। অভাবের সংসারে নিত্যদিনের খরচ মিঠিয়ে জিয়াসমিন আক্তার এর ইসা মনিকে ভালো কোন ডাক্তার দেখাতে না পেরে দিন দিন আরো বেশী অসুস্ত হয়ে পড়েন। পিতা লবণের মাঠে কাজ করেন। কোস্ট ফাউন্ডেশন সমৃদ্ধি কর্মসূচির ৮নং ওয়ার্ডের স্বাস্থ্য পরির্দশক,দিলরুবা-বেগম। তাহাকে(এম,বি.বি,এস)চিকিৎসকের মাধ্যমে পরিচালিত স্যাটালাইট ক্লিনিকে যাওয়ার পরার্মশ দেন। পরার্মশ অনুযায়ী উত্তর ধুরং ইউনিয়ন পরিষদে ২০/০৫/২০২১ইং তারিখ স্যাটালাইট ক্লিনিকে নিয়ে যায়। স্যাটালাইট ক্লিনিকে যাওয়ার পর কর্তব্যরত চিকিৎসক ডা: জাহাঙ্গীর আলম চিকিৎসা সেবা প্রদান করে। চিকিৎসকের পরামর্শ অনুযায়ি ঔষুধ সেবনে করে শিশু ইসা মনি সুস্থ হয়েছেন। চিকিৎসার সেবা নিয়ে সুন্তোষ হয়ে কোস্ট ফাউন্ডেশন এর প্রতি এবং স্বাস্থ্য পরির্দশক দিলরুবা বেগম এর প্রতি তাদের পরিবারের পক্ষ হতে কৃতজ্ঞা প্রকাশ করেন।



স্যাটেলাইট ক্লিনিক হতে সেবা গ্রহণের ,ছবি সংগ্রহে -মো: দিদারুল ইসলাম- প্রকল্প সমন্বয়কারী-তাং:২০/০৫/২০২১ইং

## এক নজরে মে'২০২১ মাসের অর্জন সমূহ

| ক্রম নং | কাজের নাম | লক্ষ্যমাত্রা | অর্জন |
|---|---|---|---|
| ১ | খানা পরিদর্শন | ৫৪৫২ | ৪৫১৭ |
| ২ | শিক্ষা সহায়তা কেন্দ্রে মা সমাবেশ | ৪৫ | ৪৫ |
| ৩ | স্যাটেলাইট ক্লিনিক | ২ | ২ |
| ৪ | স্যাটেলাইট ক্লিনিকের মাধ্যমে স্বাস্থ্য সেবা গ্রহনকারীর সংখ্যা | ৫০ | ৬৮ |
| ৫ | স্ট্যাটিক ক্লিনিক | ৩৬ | ২৬ |
| ৬ | স্ট্যাটিক ক্লিনিকে স্বাস্থ্য সেবাগ্রহনকারীর সংখ্যা | ১৮০ | ১৩৮ |
| ৭ | স্বাস্থ্য সচেতনেতা মূলক সভা (উঠান বৈঠক) | ৩৬ | ০ |
| ৮ | স্বাস্থ্য সেবা কার্ড | ২৪৩ | ৪৮ |
| ৯ | ডায়াবেটিক পরিক্ষা | ৪৫ | ৩১ |
| ১০ | মাসিক সমন্বয় সভা | ১ | ১ |
| ১১ | কৃমিনাশক ট্যাবলেট | ০ | ০ |
| ১২ | আয়রণ ও ফলিক এসিড | ০ | ০ |
| ১৩ | ক্যালসিয়াম | ০ | ০ |
| ১৪ | মৃতের সৎকার | ৪ জন | ০ |
| ১৫ | পুস্টিকনা বিতরণ করা হয়েছে | ১৮০প্যাকেট | ০ |
| ১৬ | গভীর নলকুপ স্থাপন | - | - |
| ১৭ | আইজিএ প্রশিক্ষণ | - | - |
| ১৮ | ইউনিয়ন ভিত্তিক বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা | - | - |
| ১৯ | বয়স্ক ভাতা বিতরণ | ৭১ জন | ৭০ জন |
| ২০ | বিশেষ চক্ষু ক্যাম্প (ছানি অপারেশন) | - | - |
| ২১ | ইউনিয়ন যুব সমন্বয় সভা | - | - |
| ২২ | ইউনিয়ন সমন্বয় সভা | - | - |
| ২৩ | আয়বর্ধনমূলকখাতে ঋণ বিতরণ | ৩২জন | ১৮১৭০০০০ |
| ২৪ | জীবনযাত্রার মান উন্নয়ন ঋণ বিতরণ | ০জন | ০ |
| ২৫ | সম্পদসৃষ্টি ঋণ বিতরণ | ০জন | ০ |
| ২৬ | সমৃদ্ধিবাড়ী | ৫০ | ৫০ |
| ২৭ | বিশেষ সঞ্চয় | ৫ | ৪ |
| ২৮ | কেচোঁসার উৎপাদন প্লান্ট | ৫০ | ৫০ |
| ২৯ | উদ্যোমী সদস্য | ৮ | ৮ |
| ৩০ | স্যানেটারী প্যাড | ৭৫ | ৬০ |

প্রকাশনা তৈরিতে যারা তথ্য দিয়ে সহায়তা করেছেন সমৃদ্ধি কর্মসূচি ও ধূরুং শাখার সকল সহকমী গণ তথ্য দিয়ে সহযোগিতার জন্য আপনাদের ধন্যবাদ

আরো তথ্যে প্রদানে আপনাদের উৎসাহিত করা হচ্ছে আমাদের সাথে যোগাযোগ করুন সমৃদ্ধি টিমের পক্ষে ।

মো: দিদারুল ইসলাম
কর্মসূচি সমন্বয়কারী
মোবাইল- ০১৭১৩-৩৬৭৪৪২
কর্মসূচি বাস্তবায়ন কার্যালয়- ১নং উত্তর ধূরুং ইউনিয়ন পরিষদ,৩য় তলা, কুতুবদিয়া, কক্সবাজার।
didarmd@coastbd.net, web- www.coastbd.net

**COAST Has Special Consultative Status With UN ECOSOC**